গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

স্মারক নং : মাউশি/লেইস/০২-১৪৮/PDT/২০২৫/১৬৪১ তারিখ : ১৬ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ / ৩১ আগস্ট, ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয় : মাধ্যমিক পর্যায়ের বাংলা, ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ের শিক্ষকবৃন্দের পেশাগত দক্ষতা উন্নয়ন (Professional Development Training) বিষয়ক প্রশিক্ষণ পরিচালনার লক্ষ্যে মাস্টার ট্রেইনার পুল গঠনের জন্য অনলাইনে আবেদন।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকার ও বিশ্ব ব্যাংকের যৌথ অর্থায়নে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের আওতায় মাধ্যমিক স্তরে শিক্ষার্থীদের শিখন ত্বরান্বিতকরণের লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের বিষয়ভিত্তিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের সংস্থান রয়েছে। যেখানে মাধ্যমিক পর্যায়ের ৫৩,৭৬০ জন শিক্ষকের বাংলা, ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে ৪২ দিনব্যাপী প্রফেশনাল ডেভেলপমেন্ট ট্রেনিং প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য বিষয়ভিত্তিক মাস্টার ট্রেইনারদের একটি পুল প্রস্তুত করা হবে। এ লক্ষ্যে, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক একটি প্রশিক্ষক নির্বাচন নীতিমালা অনুমোদন হয়েছে। অনুমোদিত নীতিমালা অনুযায়ী পেশাগত মানদণ্ডের ভিত্তিতে অনলাইন আবেদনকারীদের মধ্য থেকে একটি মাস্টার ট্রেইনার পুল প্রস্তুত করা হবে।

২। মাস্টার ট্রেইনার হিসেবে আবেদনকারীগণের অবশ্যই সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/কর্তৃপক্ষ কর্তৃক অগ্রায়ণপত্র দাখিল করতে হবে। অগ্রায়ণপত্রে আবেদনকারীকে মাস্টার ট্রেইনার ট্রেনিং গ্রহণের অনুমতি এবং প্রশিক্ষণ শেষে সংশ্লিষ্ট প্রশিক্ষণকেন্দ্রে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণে ক্লাস নেয়ার জন্য অনাপত্তি প্রদান করা হবে এই মর্মে উল্লেখ থাকতে হবে। প্রমাণক হিসেবে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদপত্র/অফিস আদেশ (যেমন, প্রশিক্ষক হিসেবে অভিজ্ঞতা, প্রশিক্ষণ গ্রহণের সনদপত্র ইত্যাদি) দাখিল করতে হবে।

০৩। এ পরিপ্রেক্ষিতে, উল্লিখিত Professional Development Training (PDT) কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে বাংলা, ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ের জন্য যোগ্য ও আগ্রহী শিক্ষকবৃন্দের নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীগণকে আগামী ১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্নে বর্ণিত লিঙ্কে আবেদন করার জন্য অনুরোধ করা হল।

আবেদনের লিঙ্ক : https://mtr.laiseproject.com/

প্রয়োজনীয় কারিগরি সহায়তায়:
মোবাইল: ০১৩৪৬১৫০৭৯০
ইমেইল: support@laiseproject.com

৩১/০৮/২৬
(প্রফেসর মো. আসাদুজ্জামান)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট



CamScanner